আজকের কাগজ

06. JUN 1993
পৃষ্ঠা... ২ ... ... ৪...

# পিএসসি চেয়ারম্যানের সঙ্গে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতাদের সাক্ষাৎ

গতকাল দুপুর ১২.০০টায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির মহাসচিব আবু ইউসুফের নেতৃত্বে ৫ সদস্যের একটি প্রতিনিধি দল পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান প্রফেসর এসএমএ ফায়েজের সঙ্গে তাঁর অফিসে দেখা করেন।

সমিতির নেতারা শিক্ষা ও শিক্ষার্থীদের স্বার্থে সরকারি কলেজসমূহে দীর্ঘদিন যাবত শূন্য পড়ে থাকা সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপকের সরাসরি নিয়োগের জন্যে ২০% সংরক্ষিত পদ ৩০ জুনের মধ্যে বিভাগীয় পদোন্নতির মাধ্যমে পূরণ করার নিমিত্ত কমিশন থেকে প্রয়োজনীয় ছাড়পত্র দেয়ার জন্যে মাননীয় চেয়ারম্যানকে অনুরোধ জানান। মাননীয় চেয়ারম্যান এ বিষয়ে ত্বরিত ব্যবস্থা নেয়া হচ্ছে বলে নেতাদেরকে আশ্বাস প্রদান করেন।

নেতারা আত্মীকৃত তৃতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীপ্রাপ্ত শিক্ষকদের ডিগ্রীর মনোনয়নের শর্ত প্রমার্জন করার বিষয়টি বিবেচনা করার জন্যেও মাননীয় চেয়ারম্যানকে অনুরোধ জানান। খবর বিজ্ঞপ্তি।